# উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সেপ্টেম্বর-২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ উজ্জল হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ : ১৮-০৯-২০২২ খ্রিঃ।

সময় : সকাল ১০.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সম্মানিত প্রধান উপদেষ্টা মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪ জনাব তানভীর ইমাম মহোদয়, উপদেষ্টা-চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, উল্লাপাড়া ও অন্যান্য সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। শুরুতেই গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এ পর্যায়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার লক্ষ্যে গঠনমূলক ও পরামর্শমূলক বক্তব্য প্রদানের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয়।

**অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা ও সলঙ্গা থানা হতে প্রাপ্ত ২০২২ সালের জুলাই ও আগষ্ট মাসের অপরাধ চিত্র**

| থানার নাম | মাসের নাম | অপরাধের ধরণ | | | | | | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ডাকাতি/ বিস্ফোরক | হত্যা | নারী ও শিশু নির্যাতন | অপহরণ | পর্নোগ্রাফি | মাদক | ধর্ষণ/ দস্যুতা/ প্রতারনা | সড়ক দুর্ঘটনা | দস্যুতা চুরি | অন্যান্য | |
| উল্লাপাড়া | জুলাই, ২০২২ | - | - | ০৩ | ০১ | - | ০৪ | ০৩ | - | - | ০৯ | ২০ |
| উল্লাপাড়া | আগষ্ট, ২০২২ | | ০১ | ০৪ | ০২ | | ১৩ | ০১ | | ০৩ | ১৫ | ৩৯ |
| সলঙ্গা | জুলাই, ২০২২ | - | - | ০১ | - | - | ১১ | ০১ | - | ০৩ | ০৪ | ২০ |
| সলঙ্গা | আগষ্ট, ২০২২ | | | ০১ | | | ১১ | ০১ | | ০৩ | ০৪ | ২০ |

আগষ্ট ২০২২ মাসের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত তথ্য

| মোবাইল কোর্টের সংখ্যা | মামলার সংখ্যা | দন্ডিত ব্যক্তির সংখ্যা | দন্ড | | যে সকল আইনের অধীন অপরাধের জন্য দন্ড দেয়া হয়েছে |
|---|---|---|---|---|---|
| | | | অর্থদন্ড | কারাদন্ড | |
| ০৮ | ১০ | ১৩ | ১০৯২০০ | ০৪ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড | ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯, বালু মহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০, বাল্য বিবাহ নিরোধ আইন, ২০১৭, ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রন) আইন, ২০০৫ |

| ক্রঃ নং | আলোচকবৃন্দ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | জি এম, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি | সভায় উপস্থিত জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, উল্লাপাড়া জানান সম্প্রতি বিদ্যুতের লোড সেডিং চলছে। এটি একটি সাময়িক সমস্যা। আগামীতে এই সমস্যা থাকবে না। আগামীতে বিদ্যুতের ঘাটতি হবে না বরং উদ্বৃত্ত থাকবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। সোমবার বিদ্যুৎ চালিত কল কারখানা বন্ধ রাখার বিষয়ে গৃহীত সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | সরকারি সিদ্ধান্ত মোতাবেক বিদ্যুৎ সাশ্রয়ী হতে প্রতি সপ্তাহের সোমবার বিদ্যুৎ চালিত কল কারখানা বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | জি এম, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, উল্লাপাড়া<br><br>সংশ্লিষ্ট কল কারখানা মালিকগণ উল্লাপাড়া |
| ০২ | উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, উল্লাপাড়া | তিনি বলেন উল্লাপাড়া রেলওয়ে ওভারপাসের গার্ডার তৈরির কাজ অগ্রগতি ভাল। নির্মাণ সামগ্রী আনা হয়েছে। ডিসেম্বর, ২০২২ মাসের মধ্যে কাজ শেস হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। আগামী মাসের ১৫/২০ তারিখের মধ্যে স্প্যানের ঢালাই কাজ করা সম্ভব হবে। | দ্রুততম সময়ের মধ্যে রেল লাইনের উপরের স্প্যানটি নির্মাণ করতে হবে। | উপ বিভাগীয় প্রকৌশলী, সওজ, উল্লাপাড়া |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | সভাপতি উপজেলা পূজা উদযাপন পরিষদ, উল্লাপাড়া | তিনি বলেন আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে উল্লাপাড়া উপজেলায় মোট ৯৩টি পূজা মন্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। সুষ্ঠ, সুন্দর শান্তিপূর্ণ পরিবেশে পূজা উদ্‌যাপন নিশ্চিত করতে পূজা মণ্ডপগুলোর সভাপতি/সাধারণ সম্পাদকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। ইউনিয়ন পর্যায়ের সুষ্ঠুভাবে দুর্গাপূজা উদ্‌যাপন নিশ্চিত করতে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | সরকারি নির্দেশনা এবং উপজেলা প্রশাসন কর্তৃক গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে প্রতিপালন পূর্বক সুষ্ঠ, সুন্দর, শান্তিপূর্ণ পরিবেশে দুর্গাপূজা উদ্‌যাপন নিশ্চিত করতে হবে। প্রতিটি পূজা মণ্ডপে পর্যাপ্ত স্বেচ্ছাসেবক নিয়োগ করতে হবে। বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে হবে। আযান ও নামাজের সময় সাউন্ড বক্স, মাইক ও ঢাকের বাজনা বন্ধ রাখতে হবে। | সভাপতি, উপজেলা পূজা উদ্‌যাপন পরিষদ/হিন্দু বৌদ্ধ ও খ্রিষ্টান ঐক্য পরিষদ, উল্লাপাড়া |
| ০৪ | সভাপতি, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদ, উল্লাপাড়া | তিনি বলেন সুষ্ঠ, সুন্দর, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ পরিবেশে সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা উদ্‌যাপনের লক্ষ্যে প্রতিটি পূজা মণ্ডপে স্বেচ্ছাসেবক নিয়োগসহ অশ্লীল নাচ গান বর্জন করা, মাদকদ্রব্যের বর্জন করার পরামর্শ প্রদান করা হয়েছে। পূজা উপলক্ষ্যে সার্বিক আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রনে পৌর শহরের ঘোষগাঁতী মোড় এবং ঝিকিড়া বিজ্ঞান কলেজ মোড়ে ট্রাফিক নিয়োগের অনুরোধ জানান। | প্রতিটি পূজা মণ্ডপে পর্যাপ্ত স্বেচ্ছাসেবক নিয়োগ করতে হবে। বিদ্যৎ ব্যবহারে সাশ্রয়ী হতে হবে। আযান ও নামাজের সময় সাউন্ড বক্স, মাইক ও ঢাকের বাজনা বন্ধ রাখতে হবে। | সভাপতি, উপজেলা পূজা উদ্‌যাপন পরিষদ/হিন্দু বৌদ্ধ ও খ্রিষ্টান ঐক্য পরিষদ, উল্লাপাড়া |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া | সভায় উপস্থিত উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া জানান ৫-১১ বছরের শিক্ষার্থীদের ভ্যাকসিনেশন কার্যক্রমের বিষয়ে সিভিল সার্জন, সিরাজগঞ্জ মহোদয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।<br>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর অপারেশান থিয়েটার চালু করা হয়েছে। অপারেশান থিয়েটারের জন্য বিদ্যৎ সরবরাহ নিশ্চিত করার অনুরোধ জানান। | ৫-১১ বছরের শিক্ষার্থীদের করোনা টিকা প্রদানের বিষয়টি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বহুল প্রচার নিশ্চিত করতে হবে।<br>অপারেশান থিয়েটারের জন্য বিদ্যুতের বিকল্প হিসেবে জেনারেটরের ব্যবস্থা রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তা (মাধ্যমিক ও প্রাথমিক)।<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া বলেন মাদ্রাসায় কর্মরত মৌলভী, সহকারী মৌলভীরা যাতে বাল্য বিবাহ রেজিস্ট্রেশনে সম্পৃক্ত না হয় সেবিষয়ে সকল মাদ্রাসার সুপারিনটেন্ডগণকে পত্র প্রেরণ করা হয়েছে। প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন অব্যাহত আছে। | বাল্য বিবাহ রেজিস্টেশনে সহায়তাকারী সহকারী মৌলভী/মৌলভীদের তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে। পরিদর্শন প্রতিবেদন সহ কতটি বিদ্যালয় পরিদর্শন করা হয়েছে তার বিস্তারিত তথ্যসহ উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৭ | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া | সভায় উপস্থিত উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া জানান, ইউরিয়া সারের দাম বৃদ্ধি পেয়েছে। তবে উপজেলায় সারের যথেষ্ট মজুদ রয়েছে মূল্য বৃদ্ধির কারণে সারের সংকট সৃষ্টির কোন সম্ভবনা নেই। সারের কৃত্রিম সংকট সৃষ্টির চেষ্টা করা হলে সংশ্লিষ্ট বিসিআইসি সার ডিলারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। | ইউরিয়া সারের মূল্য বৃদ্ধির কারণে কোন ডিলার যাতে সার মজুদ করে কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সেলক্ষ্যে সার ডিলারদের প্রতি নজরদারী বৃদ্ধি করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৮ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া | তিনি বলেন আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে এবারে প্রতিটি পূজা মণ্ডপে সাধারণ, ঝুকিপূর্ণ ও অধিক ঝুকিপূর্ণ ক্যাটাগরিতে ৪/৫/৬ অনুপাতে আনসার সদস্য নিয়োগ করা হবে। | পূজা মণ্ডপের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার সদস্যদের সরকারি নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৯ | সাধারণ সম্পাদক, উল্লাপাড়া বাজার বণিক সমিতি | সাধারণ সম্পাদক, উল্লাপাড়া বাজার বণিক সমিতি বলেন উল্লাপাড়া বাজারের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। বাজারে দ্রব্য মূল্য স্থিতিশীল আছে। কোন প্রকার মূল্য বৃদ্ধি পরিলক্ষিত হয়নি। | বাজার বণিক সমিতির পক্ষ থেকে মজুদদারীর মাধ্যমে কৃত্রিম সংকট সৃষ্টি এবং মূল্য বৃদ্ধি প্রতিরোধে মনিটরিং জোরদার করতে হবে। | সভাপতি/সাধারণ সম্পাদক সংশ্লিষ্ট বাজার বণিক সমিতি, উল্লাপাড়া |
| ১০ | চেয়ারম্যান, পূর্নিমাগাঁতী ইউপি | চেয়ারম্যান, পূর্নিমাগাঁতী ইউপি বলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর এ্যাম্বুলেন্স দ্বারা রোগী পরিবহনের ক্ষেত্রে প্রদত্ত ভাড়ার হার নিধারণ করে উপজেলাবাসীর মধ্যে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর এ্যাম্বুলেন্স ব্যবহারের ক্ষেত্রে দুরত্ব বিবেচনায় ভাড়া নির্ধারণ পূর্বক বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এবিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়াকে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | | |
| ১১ | চেয়ারম্যান, দুর্গানগর ইউপি | তিনি বলেন আসন্ন শারদীয় দূর্গা পূজা উপলক্ষে তার ইউনিয়নে মোট ১১ (এগারো) টি পূজা মণ্ডপে দূর্গাপূজা উদ্‌যাপিত হবে। সুষ্ঠু, সুন্দর ও শান্তিপূর্ণ পরিবেশে দূর্গাপূজা উদ্‌যাপন করতে ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদান করা হবে। | ইউনিয়ন পর্যায়ে অবস্থিত পূজামণ্ডপগুলোতে গ্রাম পুলিশ নিয়োগ নিশ্চিত করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| | অফিসার ইনচার্জ, হাটিকুমরুল হাইওয়ে থানা | তিনি বলেন যানজট নিরসনে এবং সড়ক দুর্ঘটনা প্রতিরোধে হাটিকুরুমল হাইওয়ে থানা পুলিশ নিরলসভাবে কাজ করছে। হাটিকুমরুল-পাবনা মহাসড়কের হাটিকুমরুল গোলচত্ত্বর এলাকায় সিসি ক্যামেরা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | আসন্ন দুর্গাপূজা উপলক্ষে মহাসড়কে চুরি ছিনতাই প্রতিরোধে টহল বৃদ্ধি করতে হবে। | হাটিকুমরুল হাইওয়ে থানা |
| ১২ | অফিসার ইনচার্জ, সলঙ্গা থানা | অফিসার ইনচার্জ, সলঙ্গা থানা জানান তার থানাধীন ২৮ টি পূজা মণ্ডপের সভাপতি/সাধারণ সম্পাদকদের সমন্বয়ে প্রস্তুতিমূলক সভা করা হয়েছে এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। জুম্মার নামাজের খুতবায় সন্ত্রাস ও নাশকতা বিরোধী বক্তব্য অব্যাহত রাখাসহ সহিংসতার জন্য কেউ যাতে মসজিদের মাইক ব্যবহার করে জনসাধারণকে উদ্বুদ্ধ করতে না পারে সে বিষয়ে সর্তক দৃষ্টি রাখার অনুরোধ জানান। | জুম্মার নামাজের খুতবায় সন্ত্রাস ও নাশকতা বিরোধী বক্তব্য অব্যাহত রাখাসহ সহিংসতার জন্য কেউ যাতে মসজিদের মাইক ব্যবহার করে জনসাধারণকে উদ্বুদ্ধ করতে না পারে সে বিষয়ে সর্তক থাকার জন্য সম্মানীত ইমামগণকে পরামর্শ প্রদান করতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, উল্লাপাড়া |
| ১৩ | অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা | মাদক, জুয়া ও বাল্য বিবাহ বন্ধে উল্লাপাড়া মডেল থানা পুলিশ কাজ করছে। আসন্ন শারদীয় দুর্গাপূজা উল্লাপাড়া উপজেলায় সুষ্ঠু, সুন্দর, শান্তিপূর্ণ পরিবেশে উদ্‌যাপন নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বর্তমানে বিদ্যুৎ সাশ্রয়ের অংশ হিসেবে লোড সেডিং চলছে। পূজা উপলক্ষ্যে লোড সেডিং এর তথ্য অগ্রিম জানানো হলে পূর্ব প্রস্তুতি গ্রহণে সুবিধা হবে। পূজা মণ্ডপগুলোতে বিট পুলিশ মোবাইল টহলে দায়িত্ব পালন করবেন। যে কোন অপ্রীতিকর ঘটনার বিষয়ে তাৎক্ষণিক থানা পুলিশকে অবহিত করার জন্য অনুরোধ জানান। | আসন্ন শারদীয় দুর্গাপূজা উল্লাপাড়া উপজেলায় শান্তিপূর্ণ পরিবেশে উদ্‌যাপন নিশ্চিত করতে প্রতিটি পূজা মণ্ডপে পর্যাপ্ত স্বেচ্ছাসেবক নিয়োগ করে নিয়োজিত স্বেচ্ছাসেবকদের মোবাইল নম্বর থানায় প্রেরণ নিশ্চিত করতে হবে | সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা পূজা উদযাপন পরিষদ, উল্লাপাড়া |
| ১৪ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া জানান উল্লাপাড়া পৌর শহরের ওভার ব্রীজের পার্শ্বে রাস্তার উপর ভ্যান অবস্থান করে যাত্রী ওঠা নামা করে। ফলে উক্ত স্থানে তীব্র যানজট সৃষ্টি হয়। ভ্যান রিক্সা রাখার জন্য একটি স্থান নির্ধারণ করা হলে উক্ত ওভার ব্রীজের পার্শ্ব যানজট কমবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, উল্লাপাড়াকে অনুরোধ জানান। এছাড়া উল্লাপাড়া শহরের ফুটপাত দখল করে গঠে ওঠা অবৈধ দোকান পাট উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ জানান। | পৌর শহরের ওভার ব্রীজের পার্শ্বে রাস্তার উপর ভ্যান রিক্সা রাখার জন্য একটি অপসারণসহ ফুটপাত দখলমুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মেয়র,উল্লাপাড়া পৌরসভা |
| ১৫ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া জানান উপজেলায় বিসিআইসি সার ডিলার এবং খুচরা সার বিক্রেতারা সারের কৃত্রিম সংকট সৃষ্টির অপচেষ্টা চালাচ্ছে। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে কুচক্রী মহল তৎপর হতে পারে তাদের বিষয়ে গোয়েন্দা তৎপরতা বৃদ্ধির জন্য অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা ও সলঙ্গা থানাকে অনুরোধ জানান। | সন্ত্রাস, জঙ্গীবাদ, নাশকতাকারী কুচক্রী মহলের বিষয়ে গোয়েন্দা তৎপরতা বৃদ্ধি করতে হবে। | অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা/সলঙ্গা থানা |
| ১৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া | সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রনে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। সনাতন ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা উপলক্ষে বিভেদ ভুলে শালিনতা বজায় রেখে উৎসব উদ্‌যাপন নিশ্চিত | বিভেদ ভুলে ধর্মীয় সম্প্রতি বজায় রাখতে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। | সভাপতি/সম্পাদক, পূজা উদ্‌যাপন পরিষদ ও হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করতে সনাতন ধর্মীয় নেতৃবৃন্দের প্রতি আহবান জানান। | | পরিষদ, উল্লাপাড়া |
| ১৭ | মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪ | সভায় উপস্থিত মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় জানান উধুনিয়া থেকে বাংলাপাড়া রাস্তায় ফুটপাত দখল করে দোকান পাট নির্মাণ করা হচ্ছে। জরুরী ভিত্তিতে ফুটপাত দখলমুক্ত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নতুন নির্মিত বাংলাপাড়া-উধুনিয়া রাস্তার ফুটপাত দখলমুক্ত রাখতে হবে। | চেয়ারম্যান, উধুনিয়া, বড় পাঙ্গাসী ইউপি |
| | | ইতোপূর্বে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বড় ট্রাক, কুরিয়ার সার্ভিসের গাড়ী শুধুমাত্র রাত্রিতে শহরে প্রবেশ করতে পারবে। দিনের বেলায় কোন মালামাল পরিবহনকারী ট্রাক অথবা কুরিয়ার সার্ভিসের গাড়ী ঢুকতে পারবে না। কিন্তু উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে সিথিলতা পরিলক্ষিত হচ্ছে মর্মে অসন্তোষ প্রকাশ করেন। মাসিক আইন-শৃঙ্খলা সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক দিনের বেলা উল্লাপাড়া শহরে বড় ট্রাক ঢোকা বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। | দিনের বেলা উল্লাপাড়া শহরে বড় ট্রাক ঢোকা বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মেয়র, উল্লাপাড়া পৌরসভা, ট্রাফিক ইন্সপেক্টর, উল্লাপাড়া |
| | | উল্লাপাড়া পৌর শহরে অটোরিক্সা চলাচল নিয়ন্ত্রন করতে হবে। রাস্তার পার্শ্বের ভাসমান প্লাস্টিকের দোকান উচ্ছেদ করতে হবে এবং নিবিড় তদারকি করতে হবে যাতে পুনরায় ভাসমান প্লাস্টিকের দোকান বসাতে না পারে। | উল্লাপাড়া পৌর শহরে ফুটপাত থেকে প্লাস্টিকের দোকান উচ্ছেদ করতে হবে এবং যাতে পুনরায় বসতে না পারে সেদিকে সর্তক থাকতে হবে। | মেয়র, উল্লাপাড়া পৌরসভা |
| | | সেচ লাইসেন্স প্রাপ্তদের অনুকূলে যথানিয়মে বিদ্যুৎ সংযোগ প্রদান নিশ্চিত করতে হবে। সেচ লাইসেন্স প্রদানের ক্ষেত্রে যাতে কোন অনিয়ম সংঘটিত না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। | সেচ লাইসেন্স প্রদানের ক্ষেত্রে যাতে কোন অনিয়ম সংঘটিত না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে | জিএম, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া |
| | | সরকার বিরোধী দুস্কৃতিকারীরা যাতে উল্লাপাড়া উপজেলায় কোন প্রকার অপতৎপরতা চালাতে না পারে সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। | নাশকতাকারীদের বিষয়ে সদা সর্তক থাকতে হবে | অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা/সলঙ্গা থানা |

সভাপতির সমাপনী বক্তব্য :

গুরুত্বপূর্ণ ও দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদানের জন্য উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সম্মানিত প্রধান উপদেষ্টা ও সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ও অপরাধ নির্মূলে বিশেষকরে মাদক, জুয়া, বাল্য বিবাহ, ইভটিজিং নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানান। শারদীয় দুর্গাপূজা উল্লাপাড়া উপজেলায় সুষ্ঠু, সুশৃঙ্খল পরিবেশে উদ্‌যাপন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানানো হয়। জন্ম নিবন্ধন সংক্রান্ত কার্যক্রম দ্রুততম সময়ে স্বচ্ছতার সাথে জনদুর্ভোগ সৃষ্টি না করে সম্পন্ন করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পুনরায় অনুরোধ জানানো হয়। সার নিয়ে কেউ যাতে অনাকাঙ্খিত সংকট সৃষ্টি করতে না পারে সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪ মহোদয়ের সাথে একমত পোষণ করতঃ সেচের আবেদন সরেজমিনে তদন্ত থেকে শুরু করে সংযোগ প্রদান পর্যন্ত যাবতীয় কাযক্রম স্বচ্ছতা ও সততার সাথে সম্পন্ন করার অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ উজ্জল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

স্মারক নং- ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০২.০০১.২০২০- ১০২৭ তারিখ : ১৮-০৯-২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪
২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
৩। পুলিশ সুপার, সিরাজগঞ্জ
৪। অধ্যক্ষ, সরকারি আকবর আলী কলেজ, উল্লাপাড়া
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া
৭। মেয়র, উল্লাপাড়া পৌরসভা
৮। ........................................................................................................................ উল্লাপাড়া

১৪

উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।